মৌলিক কর্মসূচির সমন্বয় সভা (CPCM)

তারিখঃ ২২/০২/২০২২ ইং
স্থানঃ ভোলা ব্যবস্থাপনা ও প্রশিক্ষন কেন্দ্র, ভোলা।
সভাপতি ঃ তারিক সাঈদ হারুন, পরিচালক -মৌলিক কর্মসূচি
সচিব ঃ মো: নুর হোসেন -আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী, চর অঞ্চল ।

**অংশগ্রহণকারী ঃ** সকল আরপিসি, মাহমুদুল হাসান দিদার-সহকারী পরিচালক, মৌলিক কার্যক্রম, আবদুর রহমান ফরিদ-প্রধান মৌলিক কার্যক্রম, মোঃ বারেকুল ইসলাম চৌধুরী - AD-EnD। এছাড়া ও উপস্থিত ছিলেন উর্দ্ধতন সমন্বয়কারী মোঃ ফিরোজ আলম, মিজানুর রহমান ও তৌহিদুল ইসলাম ।

সভার শুরুতে সভাপতি সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সকলের মতামতের ভিত্তিতে সভার আলোচ্য বিষয় সমূহ নির্ধারণ করা হয়। আলোচনা ও সিদ্ধান্তসমুহ নিম্নরুপ:

| ক্রম নং | আলোচ্য বিষয় সমূহ | আলোচনা ও সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়ন কারী | তারিখ |
|---|---|---|---|---|
| | **Previous Meeting Minutes Review** | যে সকল শাখার লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়েছে তাদেরকে ধন্যবাদ জানানো হয় এবং অসমাপ্ত কাজ গুলোর সমাধানের প্রক্রিয়া নিয়ে সকলের সাথে আলোচনা করা হয় ।<br>- মোবাইল এসএমএস গুরুত্ব দেয়া।<br>- বকেয়া টার্গেট অর্জন করা এবং চলতি বকেয়া নিয়ন্ত্রন করতে হবে।<br>- কর্মী আত্নসাৎ এর বিষয়ে সকলকে বিশেষ ভাবে সতর্ক থাকার জন্য বলা হলেঅ। সে লক্ষ্যে বিএম, এএম, আরপিসি প্রতিদিন কমপক্ষে ১টি সমিতি ১০০ % পাশ বই যাচাই নিশ্চিত করে পরিদর্শণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০১ | **Internal Audit** | - শাখা অডিটকালীন সময়ে সংশ্লিষ্ট এলাকা ব্যবস্থাপক ০৩ ধাপে ০৭দিন অবস্থান করবেন।প্রথমে অডিট শুরুকালীন ০২ দিনে এবং শেষের ০৩ দিন বাধ্যতামূলক।মধ্যবতী সময়গুলোতে বাকী ০২ দিন থাকবেন।অডিট সময়ে আরপিসিগন ০২ দিন থাকবেন। যার মধ্যে শেষের ০১দিন বাধ্যতামূলক।<br>- শাখা অডিটকালে কোন পাশবই না পাওয়া গেলে ১৫ দিনের মধ্যে বিএম দায়িত্ব নিয়ে বই হাজির করতে হবে।<br>- অডিটরগন অফিসের সব ডকুমেন্ট সবার সামনে চেক করবেন।অফিসের কাগজপত্র নিজের আয়ত্বে নিয়ে একা একা রুমে নিয়ে চেক করতে পারবে না।<br>- অডিট চলাকালীন অডিটরগন কোন কর্মীর সাথে একসাথে হোন্ডা বা রিক্সায় যেতে পারবেনা। কর্মীগন যথারীথি তাদের বাই সাইকেল দিয়ে মাঠে যাবেন।<br>- অডিট রির্পোটে প্রাপ্ত সমস্যা সম্পর্কে ভালো ভাবে বুঝে স্বাক্ষর করতে হবে।<br>- কোন বিষয় আপত্তি থাকলে উক্ত বিষয়ের উপর আপত্তি আছে লিখে স্বাক্ষর করতে হবে যাতে পরবর্তি শুনানিতেঐ বিষয় সম্পর্কে আলোচনা করা যায় ।<br>- শাখা অডিট পরবতী ৪৮ ঘন্টার মধ্যে অডিট ফিডব্যাক রির্পোট দিতে হবে এবং সেই অনুসাওে অমিমাংশিত পয়েন্ট বিশেষ করে কারেন্ট যে পাশবই গুলো পাওয়া যাবে না সেগুলো খুজে বের কওে এএম ও আরপিসির দায়িত্বে চেক করতে হবে।<br>- অভ্যন্তরীন অডিটে অমিমাংশিত বিষয়গুলো শাখায় অডিট মিটিংয়ের আগেই সমাধান করতে হবে।<br>- আত্নসাৎ থাকলে এএম ও আরপিসি পাশবই চেক করে দেখতে হবে এবং কর্মীদের কোন আপত্তি আছে কিনা তাহা যাচাই করতে হবে।<br>- কোন অমিমাংশিত বিষয় রাখা যাবেনা।<br>- প্রমান ছাড়া কোন ফাইন্ডিংস মানা যাবে না।<br>শাখায় কোন কর্মীর ৩০০০ টাকা বেশি আত্নসাত পাওয়া গেলে এএমকে অডিট শুনানিতে যেতে হবে। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০২ | **Savings** | - বর্তমানে সংস্থার সঞ্চয় ও ঋণের অনুপাত ৩৭% রয়েছে আগামী জুন/২২ এর মধ্যে উক্ত অনুপাত ৪৫% এ নিয়ে যাওয়ার জন্য পরিকল্পনা করে কাজ করার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল | চলমান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | – এখন থেকে সঞ্চয় ছাড়া কিস্তি না আনার জন্য বলা হলো। প্রতিমাসে প্রতিকর্মী কমপক্ষে ১ লক্ষ টাকা বিশেষ নিরাপত্তা সঞ্চয় আদায় করার জন্য বলা হলো। এ বিষয়ে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, এলাকা ব্যবস্থাপক এবং আঞ্চলিক কর্মসুচি সমন্বয়কারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।<br>– শাখার মোট সদস্যের বিপরীতে ২% বিশেষ নিরাপত্তা সঞ্চয়ী সদস্য থাকতে হবে ।<br>– বিশেষ নিরাপত্তা সঞ্চয়ের আলাদা আবেদন পত্র থাকবে। যেখানে ২/৩ জনের নমিনীর ঘর থাকবে।<br>– ডিপিএস সদস্যের টাকা নিয়মিত আদায় করতে হবে। নিস্ক্রীয় ডিপিএস সদস্য রাখা যাবে না । | | |
| ০৩ | **Bkash** | – শাখায় যে সকল সদস্যরা বিকাশে টাকা পাঠায় তাহা দৈনিক ভিত্তিতে বিকাশ কাচা রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করতে হবে ।<br>– শাখায় একটি করে নতুন সিমকার্ড দিয়ে বিকাশ এজেন্ট একাউন্ট খোলা হবে এবং ঐ নাম্বার সকল সদস্যদের পাশবইতে লিখে দেওয়া হবে।<br>– কর্মীদেও পার্সোনাল বিকাশ নাম্বারে লেনদেন করতে পারবে না।<br>– প্রতিদিন কতজন সদস্য কত টাকা বিকাশে পাঠাইতেছে তাহার হিসাব প্রতিদিন ক্লোজ করতে হবে এবং সাপ্তাহিক ও মাসিক হিসাব করতে হবে। | সংশ্লিষ্ট সকল | ৩০.০৯.২১ |
| ০৪ | **New Branch** | – আগামী ১লা মার্চ থেকে ভোলা অঞ্চলে চরফ্যাশন এলাকায় চেয়ারম্যান হাট ও হাজির হাট ০২টি নতুন শাখার কাজ শুরু করা হবে। চরফ্যাশন এরিয়া থেকে রায়চাদ শাখা লালমোহন এরিয়ায় দেওয়া হবে।<br>– এয়াড়াও চট্টগ্রাম অঞ্চলে ০২ টি এবং বরিশাল অঞ্চলে আরও ০৬টি শাখা করা হবে তাই সংশ্লিষ্ট আরপিসিকে এলাকা জরিপ করে রাখার জন্য বলা হইলো।<br>– নতুন শাখাগুলো প্ল্যান করে কাজ করার জন্য বলা হয়েছে যাতে অল্প সময়ের মধ্যে ব্রেক ইভেন পয়েন্টে আসতে পারে। | সংশ্লিষ্ট সকল | ০১.১০.২১ |
| ০৫ | **Staffing** | – বরিশাল অঞ্চলে সিডিও কম থাকার কারনে ভোলা ও চর অন্জল থেকে ০৮ জন সিডিও আগামী ০৫ মার্চ বদলী করার সিদ্ধান্ত হয়।<br>– মোঃ রুহুল আমিন বিএম(মানিকা শাখা) কে চেয়ারম্যান হাট শাখায় এবং মোঃ শাহিন বিএম (ইলিশা শাখা)কে হাজির হাট শাখায় বদলি করার সিদ্ধান্ত হয়।<br>– সার্কুলার অনুযায়ী সকল স্তরে সময় মতো বদলী অব্যাহত রাখতে হবে । কোন ভাবে বদলী মেয়াদ উত্তীর্ণ করা যাবেনা। স্টাফ বদলীর অগ্রিম পরিকল্পনা করতে হবে । | সংশ্লিষ্ট সকল<br>আরপিসি | চলমান<br>১০.১০.২১ |
| ০৬ | **MF Package** | বর্তমান পরিস্থিতি বিবেচনা করে অন্যান্য সংস্থার ক্ষুদ্রঋণ প্যাকেজ পর্যালোচনা করার সিদ্ধান্ত হয়। মাসিক কিস্তির ঋণ, দীর্ঘ মেয়াদী ঋণসহ নতুন প্যাকেজে নিন্মোক্ত বিষয়গুলো অর্ন্তভুক্তির জন্য সুপারিশ করা হয়েছে।<br>– ৫ লক্ষ টাকা উপরের অগ্রসর ঋনগুলো যাতে ১.৫ বা ০২ বছর মেয়াদে মাসিক কিস্তিতে বিতরন করা যায়।এতে সদস্যের ব্যবসায় তহবিল ঘাটতি হবে না।<br>– সুফলন ঋণকে প্রকল্পের আওতাভুক্ত ঋণ হিসেবে দেওয়ার জন্য সুপারিশ করা হয়। | সংশ্লিষ্ট সকল | ব্যবস্থাপনার সিদ্ধান্ত |
| ০৭ | **Branch Ranking Report** | – বর্তমানে শাখার বিভিন্ন সুচকের হিসাব কওে শাখাকে র‌্যাংকিং করা হয়েছে।<br>– যে সকল শাখা বর্তমানে এ গ্রেডে আছে সেগুলোকে এ+, যেগুলো এ- আছে সেগুলোকে এ, এভাবে শাখাগুলো কে পর্যায়ক্রমে এ+ গ্রেডে আনতে হবে।<br>– এমসিএমএ বিএমদের ওরিয়েন্টেশন দিতে হবে এবং পরিকল্পনা করতে হবে।<br>– প্রতিমাসে শাখা র‌্যাংকিং এর রিপোর্ট হালনাগাদ করে at a glance এর সাথে দিতে হবে। | সংশ্লিষ্ট সকল | ব্যবস্থাপনার সিদ্ধান্ত |
| ০৮ | **Refrigerator** | – আগামী মার্চ-২০২২ইং মাসের মধ্যে ০৬ অঞ্চলে ০৫ টি করে ৩০টি ফ্রীজ দেওয়া সিদ্ধান্ত গৃহীত হয়। নিন্মে অঞ্চলভিত্তিক শাখার নাম দেওয়া হলো-<br>– ভোলা অঞ্চলে - দালার হাট, বাংলাবাজার, ভেলুমিয়ার হাট, লালমোহন সদর-১ ও খাশের হাট শাখা।<br>– চর অঞ্চলে্ কালাইয়া, দশমিনা, চরকাজল, কুকরিমুকরি ও সাকুচিয়া শাখা।<br>– বরিশাল অঞ্চলে-সাহেবেরহাট, বাকেরগঞ্জ,রাজাপুর,ঝালকাঠি ও বানারীপাড়া শাখা।<br>– নোয়াখালী অঞ্চলে- ফেনী, দাগনভুইয়া, বেগমগঞ্জ, রামগতি ও লক্ষীপুর | সংশ্লিষ্ট সকল | চলমান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শাখা। | | |
| ০৯ | **ENRICH** | ENRICH কার্যক্রমে যে পরিমান দায় রয়েছে সেই পরিমান টাকা মাঠ পর্যায়ে বিতরন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।<br>- জীবনযাত্রার মান উন্নয়ন খাতে ৪ লক্ষ টাকা দায় রয়েছে অথচ বিতরন করা হয়েছে ১ লক্ষ টাকা। এ ব্যপারে প্রকল্প সমন্বয়কারীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>- প্রকল্পের সমৃদ্ধি বাড়ীগুলোতে যে সকল কর্মকান্ড থাকা দরকার সেসব কর্মকান্ড চলমান থাকতে হবে। শুধুমাত্র নামে সমৃদ্ধিবাড়ী থাকলে হবেনা। প্রকল্প সমন্বয়কারী মাঠ পরিদর্শনকালীন সময়ে সমৃদ্বিবাড়ীর কার্যক্রম চলমান রয়েছে কিনা তা তদারকি এবং বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করবেন। উক্ত প্রকল্পে আরপিসির তদারকি ও সহায়তা বৃদ্ধির জন্য বলা হলো। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১০ | **Staff Motorcycle Loan** | - যে সকল সিডিও (মহিলা ও পুরুষ) মটর সাইকেল লোন নিতে আগ্রহী এবং যাদের চাকরির বয়স নুন্যতম ০১ বছর হয়েছে তাহারা সংস্থা থেকে ৫০০০০/- থেকে ১০০০০০/- পর্যন্ত সর্বোচ্চ ২ বছর মেয়াদী লোন নিতে পারবেন।<br>- এসংক্রান্ত একটি সার্কুলার আগামী ০১/০৩/২০২২ইং এর মধ্যে প্রধান অফিস থেকে প্রদান করা হবে। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১১ | **CITEP** | - বর্তমানে ০৬ টি অঞ্চলের মধ্যে মাত্র ০৩টি অঞ্চলে নাইটেপ কর্মী আছে যাহা প্রয়োজনের তুলনায় কম।<br>- আগামী জুন ২০২২ইং মাসের মধ্যে সকল অঞ্চলে ০১ জন করে সাইটেপ কর্মী দেওয়ার সিদ্ধান্ত হয়। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১২ | **AoB** | আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাই কে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন। | | |

সভাপতি — সচিব

তারিক সাইদ হারুন
পরিচালক
মৌলিক কর্মসূচী ।

মো ঃ নুর হোসেন
আঞ্চলিক কর্মসূচী সমন্বয়কারী
চর অঞ্চল ।